

ই-রেজিস্ট্রেশন করল ২১ হাজার শিক্ষাপ্রতিষ্ঠান

ইত্তেফাক ডিজিটাল রিপোর্ট

প্রকাশ : ০৭ মার্চ ২০২৬, ১৯:৩৯



গ্রাফিক্স: ইত্তেফাক

দেশের ২১ হাজারের বেশি বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান ই-রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে, এমন তথ্য জানিয়েছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। এর ফলে প্রতিষ্ঠানগুলোতে শিক্ষক শূন্যপদ থাকলে তারা অনলাইনে সেই তথ্য প্রদান করতে পারবে।

 দৈনিক ইন্ডোফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

এনটিআরসিএ সূত্র জানায়, গত ১ মার্চ ই-রেজিস্ট্রেশনের কার্যক্রম শেষ হয়েছে। ৯ ফেব্রুয়ারি শুরু হওয়া এই কার্যক্রমে ২১,০৮৮টি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান তাদের তথ্য হালনাগাদ করেছে।

ই-রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর শিক্ষক শূন্যপদসংক্রান্ত তথ্য অনলাইনে সংগ্রহের জন্য ৯ ফেব্রুয়ারি থেকে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত ই-রেজিস্ট্রেশন নির্ধারিত ছিল। পরে সময়সীমা বাড়িয়ে ১ মার্চ রাত ১২টা পর্যন্ত করা হয়। এই সময়ের মধ্যে যেসব প্রতিষ্ঠানের তথ্য ভুলভাবে জমা পড়েছিল, তারা তা সংশোধন (এডিট) করতে পারবে।

এ বিষয়ে বিস্তারিত তথ্য এনটিআরসিএ-এর ওয়েবসাইটে <http://www.ntrca.gov.bd> 'ই-রেজিস্ট্রেশন' সেবাবক্সের ই-রেজিস্ট্রেশন নির্দেশিকা মেন্যুতে পাওয়া যাবে।

এনটিআরসিএ আইন ২০০৫ এবং পরিপত্র অনুযায়ী, এমপিওভুক্ত প্রতিষ্ঠানগুলোর শূন্যপদ সংক্রান্ত ই-রেজিস্ট্রেশন ও ই-রিবুইজিশন করা বাধ্যতামূলক। তা না করলে প্রতিষ্ঠান প্রধান এবং প্রতিষ্ঠানের এমপিও বাতিলসহ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

সুতরাং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে নির্দেশনা অনুসারে জানানো হয়েছে।